




ISO 9001:2015 Certified



রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি

চরবাগমারা, রাজবাড়ী

ফোনঃ ০৬৪১-৬৫১৫৪, ই-মেইলঃ rajbaripbs@yahoo.com Web : pbs.rajbari.gov.bd



স্মারক নং-২৭.১২.৮২০০.৫৫৭.০২.০০৮.২০- ৫০৮৪

তারিখঃ- ১৫ ডিসেম্বর ২০২০ খ্রিঃ  
৩০ অগ্রহায়ণ ১৪২৭ বঃ

**“আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি” (২য় বার)**

রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে ওয়ারিং পরিদর্শক পদে কর্মরত যারা পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিতঃ ২০১২ইং) এর আলোকে পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সাদা কাগজে (A-4 সাইজের কাগজে) স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল	প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	পাওয়ার ইউজ কো-অর্ডিনেটর/সদস্য সেবা কো-অর্ডিনেটর)	পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী বেতন ভাতাদি প্রদান করা হবে।	ক) ওয়ারিং পরিদর্শক হিসেবে যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে ন্যূনতম ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে অথবা ডিপ্লোমা ইন ইলেকট্রিক্যাল/পাওয়ার ইঞ্জিনিয়ারিং ডিগ্রী প্রাপ্তদের ওয়ারিং পরিদর্শক হিসেবে যে কোন পল্লী বিদ্যুৎ সমিতি ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। খ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। গ) ওয়ারিং করার মালামাল এবং প্রয়োজনীয় যন্ত্রাংশ সম্পর্কে জ্ঞান ও দক্ষতা থাকতে হবে। ঘ) বিগত ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়ন এর গড় রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। ঙ) জনগনের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে। চ) পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ এবং ৩০০-৫১ অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে সকল শর্ত সমূহ পূরণ করতে হবে।


**আবেদন করার পদ্ধতিঃ**

আবেদনকারীকে খামের উপর পদের নাম উল্লেখ পূর্বক সাদা কাগজে স্বহস্তে বাংলায় (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) শিক্ষাগত যোগ্যতা, (ঞ) অভিজ্ঞতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, (ঠ) চাকুরীতে নিয়মিত করনের তারিখ উল্লেখপূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার /জেনারেল ম্যানেজার এর সুপারিশ সম্বলিত আবেদনপত্রসহ আগামী ২৯-১২-২০২০খ্রিঃ তারিখ মঙ্গলবার সকাল ১১:০০ ঘটিকার সময় স্ব-শরীরে রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতির সদয় দপ্তর, চরবাগমারা, রাজবাড়ীতে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের পর উপস্থিত হলে তা গ্রহণযোগ্য হবে না।

**শর্তাবলীঃ**

- ০১। জেনারেল ম্যানেজার এর সুপারিশ, বিনা আপত্তির সনদপত্র এবং বিগত ০৫ (পাঁচ) বৎসরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে বা না থাকে) উল্লেখ পূর্বক প্রত্যয়ন পত্র থাকতে হবে।
- ০২। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র/দলিলাদি এজিএম (এইচআর/প্রশাসন) কর্তৃক সত্যায়িত পূর্বক সংযুক্ত করতে হবে।  
ক) সাম্প্রতিক তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি।  
খ) বিগত ০৩ (তিন) বছরের (সর্বশেষ তিন বছরের) বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত ফটোকপি।  
গ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত ফটোকপি।  
ঘ) জাতীয় পরিচয় পত্র/ইউনিয়ন পরিষদ/পৌরসভা/চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি।

- ৬) বর্তমান পদে যোগদান, নিয়মিত করণ পত্রের সত্যায়িত ফটোকপি।
- ৮) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ০৩। তথ্য গোপন করে কেহ যদি নিয়োগ প্রাপ্ত হন তবে তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।
- ০৪। অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক এবং সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কিত কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কিত কেউ আবেদন করতে পারবেন না।
- ০৫। বিভাগীয় তদন্ত চলমান/ শৃঙ্খলাজনিত কোন অভিযোগ রয়েছে এমন প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।
- ০৬। উচ্চতর পদে পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহনের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিভাগীয় প্রার্থীকে বিবেচনা করা হবে না।
- ক) সর্বশেষ ০৩ (তিন) বছরের মধ্যে কোনরূপ গুরুদস্ত প্রাপ্ত হয়েছেন;
- খ) সর্বশেষ ০১ (এক) বছরে মধ্যে কোনরূপ লঘুদস্ত প্রাপ্ত হয়েছেন;
- গ) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিকবার গুরুদস্ত প্রাপ্ত হয়েছেন;
- ঘ) বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদস্ত ও একবার লঘুদস্ত প্রাপ্ত হয়েছেন;
- ঙ) বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিকবার লঘুদস্ত প্রাপ্ত হয়েছেন;
- চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার কারণে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;
- ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন অবস্থায়;
- জ) দপ্তর/আপনা কর্তৃক ফৌজদারী মামলা চলমান থাকলে;
- ০৭। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য হবে না। তবে অত্র পবিসের ভৌগোলিক এলাকায় অবস্থিত প্রার্থী অর্থাৎ রাজবাড়ী জেলার রাজবাড়ী সদর, পাংশা, বালিয়াকান্দি, গোয়ালন্দ, কালুখালী উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।
- ০৮। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য “চলতি দায়িত্ব” হিসাবে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্ব থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে ফেরত অথবা নির্দেশিকা অনুযায়ী যা প্রযোজ্য সে সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকতে হবে।
- ০৯। চলতি দায়িত্ব থাকাকালীন পূর্ব পদের অর্থাৎ ওয়ারিং পরিদর্শক এর সর্বশেষ এলপিসি মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে।
- ১০। বর্ণিত পদে কোন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন/প্রত্যাহান করতে পারবেন না।
- ১১। যে কোন আবেদন পত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ১২। সাক্ষাৎকার পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১৩। শর্তাবলীতে উল্লেখ নাই এমন কোন বিষয়ে জটিলতা সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



(মোঃ মফিজুর রহমান)

জেনারেল ম্যানেজার

মোবাইল - ০১৭৬৯-৪০০০৬৭

ই-মেইলঃ rajbaripbs@yahoo.com

**অনুলিপিঃ-(সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহল প্রচারের অনুরোধসহ) জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে।**

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৩। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৪। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..... পবিস-১/২/৩/৪ (যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের জরুরিহতকরণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৬। ডেপুটি জেনারেল ম্যানেজার, পাংশা জোনাল অফিস, রাজবাড়ী পবিস।
- ০৭। এজিএম (অর্থ/ওএন্ডএম/সদস্য সেবা/বালিয়াকান্দি/গোয়ালন্দ/কালুখালী), রাজবাড়ী পবিস।
- ০৮। নোটিশ বোর্ড, রাজবাড়ী পবিস।
- ০৯। অফিস কপি/মাষ্টার কপি।

(মোঃ মফিজুর রহমান)